

স্মারক নং- ৪৩.২৬.১০০০.০০২.২৩.০০১.১৮. ০৫

তারিখ: ০৬ মাঘ, ১৪৩০  
২০ জানুয়ারি, ২০২৪

বিষয়: ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২৪' উপলক্ষে বইপাঠ, চিত্রাংকন, রচনা ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা।

০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২৪' উদযাপন এর লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন উডবার্ণ সরকারি গণগ্রন্থাগার, বগুড়ায় বইপাঠ, চিত্রাংকন, রচনা ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে আহ্বান জানানো যাচ্ছে।

ক) বইপাঠ প্রতিযোগিতা:

ক্র: নং	শ্রেণি/গ্রুপ	বিষয়	প্রতিযোগিতার স্থান, তারিখ ও সময়
১	উন্মুক্ত	প্রতিযোগীদেরকে বই ও মূল্যায়ন ফরম সরবরাহ করা হবে	স্থান: উডবার্ণ সরকারি গণগ্রন্থাগার, বগুড়া। তারিখ: ৩১ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ, সময়: সকাল ১১.০০ টা।

খ) চিত্রাংকন প্রতিযোগিতা:

ক্র: নং	গ্রুপ	শ্রেণি	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়	প্রতিযোগিতার স্থান, তারিখ ও সময়
১	ক	শিশু শ্রেণি-দ্বিতীয় শ্রেণি	উন্মুক্ত	স্থান: উডবার্ণ সরকারি গণগ্রন্থাগার, বগুড়া তারিখ: ০৩ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ সময়: সকাল ১১.০০ টা।
২	খ	তৃতীয় শ্রেণি-সপ্তম শ্রেণি	আমার প্রিয় গ্রন্থাগার	

গ) রচনা প্রতিযোগিতা:

ক্র: নং	শ্রেণি/গ্রুপ	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেয়ার শেষ তারিখ, সময় ও স্থান
১	উন্মুক্ত	স্মার্ট নাগরিক গঠনে গ্রন্থাগারের ভূমিকা	১০০০	স্থান: উডবার্ণ সরকারি গণগ্রন্থাগার, বগুড়া। তারিখ: ০৩ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ, সময়: দুপুর ০২.০০ টা।

ঘ) উপস্থিত বক্তৃতা :

ক্র: নং	গ্রুপ	শ্রেণি	উপস্থিত বক্তৃতার বিষয়	প্রতিযোগিতার স্থান, তারিখ ও সময়
১	ক	অষ্টম-দ্বাদশ	তাৎক্ষণিক নির্ধারণ করা হবে	স্থান: উডবার্ণ সরকারি গণগ্রন্থাগার, বগুড়া। তারিখ: ০৩ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ সময়: বেলা ১২.০০ টা।
২	খ	স্নাতক-স্নাতকোত্তর	তাৎক্ষণিক নির্ধারণ করা হবে	

শর্তাবলী:

১. প্রত্যেক প্রতিযোগীকে স্ব-স্ব ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড/জন্মসনদের ফটোকপি/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সঙ্গে আনতে হবে।
২. প্রত্যেক প্রতিযোগীকে নিজ পূর্ণনাম, পিতা ও মাতার নাম, সচল ফোন নম্বর ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৩. চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগীদেরকে আর্ট পেপার ব্যতীত অন্যান্য অংকন উপকরণ সঙ্গে আনতে হবে।
৪. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে।

উল্লিখিত অনুষ্ঠানসমূহে আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।



২০.০১.২০২৪

মোঃ আমির হোসেন

সহকারী লাইব্রেরিয়ান

উডবার্ণ সরকারি গণগ্রন্থাগার

বগুড়া।

ফোন: +৮৮০২৮৮৮১৩১৪৪

E-mail: dgplbogura19@gmail.com

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/অফিস প্রধান

বগুড়া।